



মালিবাগ থেকে যুবক নিখোঁজ, স্ত্রীর আহ্বান—‘আমার স্বামীকে ফিরিয়ে দিন’



নাইমুর রহমান সিফাত: সংগৃহীত ছবি

রাজধানীর মালিবাগ এলাকা থেকে নাইমুর রহমান সিফাত (২৯) নামের এক যুবক নিখোঁজ হয়েছেন। গত ১৯ জুলাই সন্ধ্যায় ল্যাপটপ সার্ভিসিংয়ের জন্য বাসা থেকে বেরিয়ে আর ফিরে আসেননি তিনি। পরিবারের দাবি, নিখোঁজের আগমুহূর্তে সিফাত ফোনে স্ত্রীকে জানান, তিনি মালিবাগে অবস্থান করছেন—এটাই ছিল তার শেষ বার্তা। এরপর থেকে তার মোবাইল ফোন বন্ধ এবং তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। বিষয়টি নিয়ে পরিবার চরম উদ্বেগে রয়েছে এবং সাধারণ মানুষের সহায়তা কামনা করেছে।

ঢাকার মালিবাগ এলাকা থেকে নিখোঁজ হয়েছেন নাইমুর রহমান সিফাত (২৯) নামের এক যুবক। গত ১৯ জুলাই ২০২৫, শুক্রবার সন্ধ্যা সাতটার দিকে তিনি বাসা থেকে বেরিয়ে আর ফেরেননি বলে জানিয়েছেন তার স্ত্রী তানজিলা আক্তার (আনজুমান জারা)।

নিখোঁজ হওয়ার সময় সিফাত রাজধানীর মাল্টিপ্লান মার্কেটের একটি ল্যাপটপ সার্ভিসিং দোকানে গিয়েছিলেন। দোকান থেকে কাজ শেষে বাসায় ফেরার কথা থাকলেও, তিনি আর ফেরেননি। সন্ধ্যার কিছু পর স্ত্রীর মোবাইলে কল দিয়ে বলেন, “আমি এখন মালিবাগে আছি।” সেটিই ছিল সিফাতের সঙ্গে তার পরিবারের শেষ যোগাযোগ। এরপর থেকে তার মোবাইল ফোন বন্ধ এবং তিনি সম্পূর্ণরূপে নিখোঁজ।

সিফাতের সঙ্গে ছিল একটি মোবাইল ফোন, দুটি ল্যাপটপ এবং কিছু নগদ অর্থ।

পারিবারিক সূত্রে জানা গেছে, নাইমুর রহমান সিফাতের বাড়ি নোয়াখালীর চাটখিল উপজেলার খিলপাড়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডে, বাড়ুলী মোল্লা পণ্ডন খাস বাড়িতে। বর্তমানে তিনি তার স্ত্রীসহ ঢাকার খিলগাঁওয়ের তিলপাপাড়ায় বসবাস করছিলেন।

স্ত্রী তানজিলা জানান, নিখোঁজের পরপরই তারা স্থানীয় থানায় সাধারণ ডায়েরি করেছেন এবং পরিচিত জায়গাগুলোতে খোঁজখবর নিয়েছেন। তবে এখনও পর্যন্ত তার কোনো সন্ধান পাওয়া যায়নি।

তিনি বলেন, “সিফাত খুবই শান্ত ও দায়িত্ববান মানুষ। হঠাৎ করে এভাবে নিখোঁজ হয়ে যাওয়া আমাদের জন্য ভয়ংকর আতঙ্কের। আমরা দিনরাত দুশ্চিন্তায় রয়েছি।”